



# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

রেজিস্ট্রেশন শাখা

আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

Website: [www.bteb.gov.bd](http://www.bteb.gov.bd)

স্মারক নং-বাকশিবো/প্রঃ(রেজিঃ)/(ভোক)/২০১৮/০২

তারিখঃ ২৫-০২-২০১৮ খ্রিঃ

## বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীন এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রম পরিচালনাকারী সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে জানানো যাচ্ছে যে, ২০১৮ শিক্ষাবর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীদের নিবন্ধনের জন্য Online এ রেজিস্ট্রেশন কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এমতাবস্থায় আপনার প্রতিষ্ঠানে ভর্তিকৃত শিক্ষার্থীদের প্রয়োজনীয় তথ্য [www.bteb.gov.bd](http://www.bteb.gov.bd) ওয়েব সাইটের আপনার প্রতিষ্ঠানের গোপন নাম্বারের মাধ্যমে ২৭-০২-২০১৮ হতে ৩১-০৩-২০১৮ তারিখের মধ্যে Online এ ডাটা এন্ট্রি সম্পন্ন করে প্রিন্ট আউট কপি রেজিস্ট্রেশন ফিসহ বোর্ডে দাখিল করতে হবে।

রেজিস্ট্রেশন ফি ১৩০.০০ (একশত ত্রিশ) টাকা, ক্রীড়া ফি ৩০.০০ (ত্রিশ) টাকা, রোভার স্কাউট/গার্লস গাইড ফি ১৫.০০ (পনের) টাকা, রেড ক্রিসেন্ট ফি ০৮.০০ (আট) টাকা, বিজ্ঞান ও প্রযুক্তি ফি ৭.০০ (সাত) টাকা, আবেদনপত্র বিক্রির (ভর্তিকৃত শিক্ষার্থী) ৩০.০০ টাকাসহ সর্বমোট ২২০.০০ (দুইশত বিশ) টাকা প্রতি শিক্ষার্থীর নিকট হতে আদায় করে একটি ব্যাংক ড্রাফট করতে হবে। জেএসসি পাশের মূল নম্বরপত্র/অষ্টম শ্রেণী পাশের নম্বর পত্র, অনলাইন থেকে সংগ্রহকৃত প্রিন্ট কপি (Hard copy) এবং ব্যাংক ড্রাফট নিয়ে বর্ণিত সময়সূচি মোতাবেক বোর্ডে দাখিল করতে হবে। ব্যাংক ড্রাফট সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড-এর অনুকূলে সোস্যাল ইসলামী ব্যাংক লিঃ, বেগম রোকেয়া স্মরণি, আগারগাঁও, ঢাকা/সোনালী ব্যাংক লিঃ, আগারগাঁও শাখা, ঢাকা তে উত্তোলনযোগ্য হতে হবে। উল্লেখ্য, প্রতিটি ট্রেড এর জন্য আসন সংখ্যা ডপআউটসহ সর্বোচ্চ ৪০ জন এবং ন্যূনতম ১৫ জন।

ক্রমিক নং	জেলা/থানা	প্রিন্ট আউট হার্ড কপি ও ডিডি বোর্ডে জমা দেয়ার তারিখ	প্রতিষ্ঠানের ব্যাংক ড্রাফট করার শেষ তারিখ
১.	পঞ্চগড়, ঠাকুরগাঁও, দিনাজপুর ও নীলফামারী	১৫-০৪-২০১৮	০১-০৪-২০১৮ তারিখ থেকে শুরুর করে নির্দিষ্ট জেলা/বিভাগের প্রিন্ট কপি জমা দেয়ার তারিখ পর্যন্ত ডিডি করা যাবে।
২.	লালমনিরহাট, রংপুর, কুড়িগ্রাম ও গাইবান্ধা	১৬-০৪-২০১৮	
৩.	জয়পুরহাট, বগুড়া, নওগাঁ ও নাটোর	১৭-০৪-২০১৮	
৪.	চাঁপাইনবাবগঞ্জ, রাজশাহী, সিরাজগঞ্জ ও পাবনা	১৮-০৪-২০১৮	
৫.	কুষ্টিয়া, মেহেরপুর, চুয়াডাঙ্গা, ঝিনাইদহ ও মাগুরা	১৯-০৪-২০১৮	
৬.	নড়াইল, যশোর, সাতক্ষীরা, খুলনা ও বাগেরহাট	২২-০৪-২০১৮	
৭.	বরিশাল বিভাগের সকল জেলা	২৩-০৪-২০১৮	
৮.	সিলেট বিভাগের সকল জেলা।	২৪-০৪-২০১৮	
৯.	চট্টগ্রাম বিভাগের সকল জেলা	২৫-০৪-২০১৮	
১০.	শরীয়তপুর, মাদারীপুর, গোপালগঞ্জ, ফরিদপুর, রাজবাড়ী ও মানিকগঞ্জ।	২৬-০৪-২০১৮	
১১.	মুন্সিগঞ্জ, নারায়ণগঞ্জ, ঢাকা, নরসিংদী, গাজীপুর ও টাঙ্গাইল।	৩০-০৪-২০১৮	
১২.	জামালপুর, শেরপুর, ময়মনসিংহ, নেত্রকোণা ও কিশোরগঞ্জ।	৩০-০৪-২০১৮	

## বিশেষ দৃষ্টব্যঃ

১. রেজিস্ট্রেশন কার্ড গ্রহণ করার সময় রেজিস্ট্রেশন ফি জমা দেয়ার ব্যাংক রশিদ এর মূল গ্রাহক কপি অবশ্যই প্রদর্শন করতে হবে।

২. বোর্ড কর্তৃক নির্ধারিত তারিখে প্রিন্টকৃত copy ব্যাংক ড্রাফট সহ বোর্ডে প্রেরণের সময় ফরোয়ার্ডিং চিঠির মধ্যে নিম্নের ছক পূরণ করতে হবে।

ক্রমিক নং	শিক্ষাক্রম	ট্রেড	অনুমোদিত আসন সংখ্যা	ভর্তিকৃত শিক্ষার্থীর সংখ্যা

৩. ট্রেড ভিত্তিক অনুমোদন প্রাপ্তির চিঠির ফটোকপি (অ্যাফিলিয়েশন) সংযুক্ত করতে হবে।

৪. Hard copy বোর্ডে জমা দেয়ার সময় ২০১৭-১৮ অর্থবছর পর্যন্ত অ্যাফিলিয়েশন ফি পরিশোধের প্রমাণপত্র দাখিল করতে হবে।

৫. Hard copy বোর্ডে জমা দেয়ার সময় ভর্তিকৃত শিক্ষার্থীদের জেএসসি ও জেডিসি পাশের মূল নম্বরপত্র/ অষ্টম শ্রেণী পাশের নম্বর পত্র বোর্ডে জমা দিতে হবে।

৬. বোর্ড কর্তৃক নির্ধারিত তারিখে 'Hard copy' সঠিক সময়ে বোর্ডে জমা দিতে ব্যর্থ হলে জরিমানা প্রদান বাধ্যতামূলক এবং জরিমানার অর্থ প্রতিষ্ঠান প্রধানকে বহন করতে হবে, এর জন্য শিক্ষার্থীদের উপর অতিরিক্ত কোন ফি ধার্য করা যাবে না।

৭. রেজিস্ট্রেশন সংক্রাম তথ্যাদি বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের নিজস্ব ওয়েব সাইটেও দেখা যাবে।

৮. প্রতি ট্রেড-এ সর্বোচ্চ ৪০ জন এবং ন্যূনতম ১৫ জন শিক্ষার্থী ভর্তি করাতে হবে।

২৫/০২/২০১৮

(মোঃ নিজাম উদ্দিন)

উপ-সচিব (রেজিস্ট্রেশন)

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯১৩৩৪৮৪

**সদয় অবগতি ও যথাযথ কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো**

[

০১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও প্র/এ, ঢাকা- ১২০৭।

০২। সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

০৩। পরিচালক (কারিকুলাম), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

০৪। পরিক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

০৫। উপ-পরিক্ষা নিয়ন্ত্রক (সকল), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

০৬। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

(অত্র বিজ্ঞপ্তি ওয়েব সাইটে প্রচার করার জন্য আপনাকে অনুরোধ জানানো হলো)।

০৭। কারিকুলাম বিশেষজ্ঞ (এসএসসি (ভোক) , বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।


০৮। সহকারি পরিক্ষা নিয়ন্ত্রক (সকল), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

০৯। অধ্যক্ষ/ পরিচালক/ প্রতিষ্ঠান প্রধান.....

১০। সহকারি হিসাব রক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (ফি গ্রহনের জন্য অনুরোধ জানানো হলো)।

১১। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

১২। সংশ্লিষ্ট নথি।



২৫/০২/২০১৮

(মোঃ নিজাম উদ্দিন)

উপ-সচিব (রেজিস্ট্রেশন)

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯১৩৩৪৮৪